কালের কণ্ঠ

07 NOV 2013

# আরো ১০ কলেজ সরকারি হচ্ছে

শরীফুল আলম সুমন ▶

সরকারের শেষ সময়ে সরকারীকরণ হচ্ছে আরো ১০টি বেসরকারি কলেজ। ইতিমধ্যে সরকারীকরণের প্রক্রিয়া শুরু হয়েছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) সহকারী পরিচালক এস এম কামাল উদ্দিন হায়দারের নেতৃত্বে কলেজগুলো পরিদর্শনও শুরু হয়েছে। আগামী ১০-১২ দিনের মধ্যে মাউশি তাদের কাজ শেষ করবে। চলতি মাসের শেষের দিকে অথবা আগামী মাসের প্রথম দিকে এ কলেজগুলো সরকারীকরণের গেজেট হতে পারে বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।

## শেষ সময়ের উদ্যোগ

মাউশি সূত্রে জানা যায়, সম্প্রতি ১০টি বেসরকারি কলেজ সরকারীকরণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় থেকে মাউশিকে প্রয়োজনীয় কাজ দ্রুত শেষ করতে নির্দেশনা দেওয়া হয়। গতকাল বুধবার থেকে মাউশি তাদের কাজ শুরু করেছে। সরকারীকরণের লক্ষ্যে গতকাল রাজধানীর কালাচাঁদপুরের একটি স্কুল অ্যান্ড কলেজ পরিদর্শন করা হয়। আগামী সপ্তাহেই বাকি কলেজগুলো পরিদর্শনের কথা রয়েছে।

মাউশির মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুন ১০টি কলেজ সরকারীকরণের প্রক্রিয়া শুরু করার বিষয়টি স্বীকার করে গত রাতে কালের কণ্ঠকে বলেন, 'আমরা মন্ত্রণালয় থেকে ১০টি কলেজ সরকারীকরণের যাবতীয় প্রক্রিয়া শেষ করার নির্দেশনা পেয়েছি। এ কলেজগুলো আরো আগে সরকারীকরণের কথা ছিল। কিন্তু অর্থ মন্ত্রণালয়ের কিছু জটিলতার কারণে দেরি হয়ে গেছে। আর স্কুল-কলেজ সরকারীকরণ একটি নিয়মিত প্রক্রিয়া। আমরা দ্রুত আমাদের কাজ শেষ করে ফাইল মন্ত্রণালয়ে পাঠাব। বাকি কাজ শিক্ষা মন্ত্রণালয় করবে। তবে সব কাজ শেষ করতে কিছুটা সময়ের প্রয়োজন।'

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা যায়, নওগাঁ জেলার আত্রাই উপজেলার শেখ ফজিলাতুন্নেসা মুজিব আইডিয়াল কলেজ, বগুড়া জেলার দুপচাঁচিয়ার শহীদ মনসুর আলী ডিগ্রি কলেজ, মাদারীপুর জেলার রাজৈর ডিগ্রি কলেজ, গোপালগঞ্জের মুকসুদপুর ডিগ্রি কলেজ, রাজবাড়ীর পাংশা ডিগ্রি কলেজ, বরগুনার আমতলী ডিগ্রি কলেজ, পটুয়াখালীর বাউফল ডিগ্রি কলেজ, খুলনার কয়রা ডিগ্রি কলেজ, রাজশাহীর কামরুজ্জামান ডিগ্রি কলেজ এবং রাজধানীর কালাচাঁদপুর স্কুল অ্যান্ড কলেজ সরকারীকরণের প্রক্রিয়া শুরু হয়েছে।

মাউশির সহকারী পরিচালক (কলেজ-২) এস এম কামাল উদ্দিন হায়দার বলেন, 'আমরা এ ১০টি কলেজের শিক্ষক ও শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ করব। এ ছাড়া কলেজের স্থাবর-অস্থাবর সম্পত্তির কী অবস্থা, তা যাচাই-বাছাই করব। এরপর একটি পূর্ণাঙ্গ রিপোর্ট মহাপরিচালকের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হবে।'

জানা যায়, কলেজগুলো সরকারীকরণের বিষয়ে ইতিমধ্যে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গেছে।